

PRESS CLIP

Publication:- Khabaronline.com (<https://www.khabaronline.com/education-and-career/webinar-on-digital-education-system-organised-by-the-bengal-chamber/>)

Date: - 22nd April 2020

Page :-Online

Webinar on "Learn,Lead, and Link-up:Knowledge Comes Closer with Social Distancing" organized by The Bengal Chamber on 10th April, 2020.

লকডাউন উঠে গেলেও ডিজিটাল শিক্ষাপদ্ধতি থাকবে, বেঙ্গল চেম্বারের ওয়েব সেমিনারে বললেন শিক্ষাবিদেরা

April 22, 2020



খবর অনলাইন ডেস্ক: কোভিড-১৯ (Covid -19)-এর মোকাবিলায় এখন কার্যত বিশ্ব জুড়ে চলছে লকডাউন। সবাই ঘরবন্দি। তাই এই লকডাউনে শিক্ষাপদ্ধতিতে বিরাট পরিবর্তন এসেছে। আর এ ক্ষেত্রে

বড়োসড়ো ভূমিকা রয়েছে প্রযুক্তির। ক্লাসরুম এসে গিয়েছে আরও কাছে। এই বিষয়কেই আরও ভালো বুঝতে দ্য বেঙ্গল চেম্বার (the Bengal Chamber) সম্প্রতি আয়োজন করেছিল এক ওয়েবিনারের (webinar)- ‘লার্ন, লিড অ্যান্ড লিঙ্ক-আপ: নলেজ কামস ক্লোজার উইথ সোশ্যাল ডিস্টেন্সিং’। যোগ দিয়েছিলেন দেশবিদেশের বিশিষ্ট শিক্ষাবিদেরা।

ওয়েব সেমিনারে যোগ দিয়ে বিসিসি অ্যান্ড আই-এর শিক্ষা বিষয়ক কমিটির চেয়ারপার্সন এবং ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অফ হোটেল ম্যানেজমেন্টের চিফ মেন্টর ড. সুবর্ণ বসু বলেন, “এই পদ্ধতি যে শুধু কোভিড পরিস্থিতিতেই তা নয়, এটা থেকে যাবে। এই ঘটনা শিক্ষাবিদদের একটা বড়ো জিনিস শিখিয়ে গেল। আমরা যেন দশ বছর এগিয়ে গেলাম।”

মৌলানা আবুল কালাম আজাদ প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক সৈকত মৈত্র বলেন, “এখন সময় এসেছে লেখাপড়ার ক্ষেত্রে ডিজিটাল সম্পদ আরও বেশি করে কাজে লাগানোর। আন্তর্জাতিক মানের ডিজিটাল লেখাপড়ার উপাদান পাওয়া গেলে প্রথম সারির শিক্ষাপ্রতিষ্ঠানে আরও বেশি করে বিদেশি পড়ুয়া ভর্তির সুযোগ তৈরি করা যাবে। ভবিষ্যতে এই পদ্ধতিতে লেখাপড়ার সুযোগ আরও প্রসারিত হবে।”

জেআইএস গ্রুপ-এর ডিরেক্টর সিমরপ্রীত সিং বলেন, “আমরা গত তিন বছর ধরে ফ্লিপ লার্নিং এবং ব্লেন্ডেড লার্নিং শুরু করেছি। তাই এই কঠিন সময় সামলানো আমাদের শিক্ষকদের পক্ষে খুব অসুবিধার নয়। ভবিষ্যতে ডিজিটাল পদ্ধতিতে লেখাপড়ার চল আরও বাড়বে। আমার মনে হয়, লকডাউনের পর আমাদের দেশে ডিজিটাল লেখাপড়া অন্য দেশের তুলনায় ১০-২০ গুণ বাড়বে।”

সিস্টার নিবেদিতা ইউনিভার্সিটির উপাচার্য অধ্যাপক ধুবজ্যোতি চট্টোপাধ্যায় বলেন, “শিক্ষাবিদদের কাছে সব থেকে বড়ো চ্যালেঞ্জ হল কী করে লেখাপড়াটা চালিয়ে যাওয়া যায়। শিক্ষা ছড়িয়ে দেওয়ার লক্ষ্য ধরে রাখতে হলে আমাদের নতুন চ্যালেঞ্জ সামলাতে হবে। আমরা এখন সেই জায়গায় রয়েছি। দেখা যাচ্ছে, অনেক কিছু নতুন করে শিখতে হবে।”

তবে ওয়েব সেমিনারে যোগদানকারী শিক্ষাবিদরা ডিজিটাল শিক্ষাপদ্ধতির ইতিবাচক দিকগুলি তুলে ধরলেও, এর একটি আপাত-দুর্বলতার প্রসঙ্গ উল্লেখ করেন বেঙ্গালুরুর আইইএইচএমের পড়ুয়া অমনজিৎ কৌর। তিনি বলেন, “এর অনেক ভালো দিক থাকলেও কিছু খারাপ দিকও রয়েছে। প্রধান সমস্যা হল নেটওয়ার্ক। আর আমাদের সবার ওয়াই-ফাই নেই। সেই বিষয়টি কী ভাবে উন্নত করা যায় সেটা সকলকে দেখতে হবে।”

এই ওয়েব সেমিনারে আরও যাঁরা যোগ দেন তাঁরা হলেন দ্য ভবানীপুর এডুকেশন সোসাইটির ভাইস চেয়ারম্যান মিরাজ দিগ্বিজয় শাহ, বেঙ্গালুরুর আইইএইচএমের অধ্যাপক ডেভিড ফসকেট, ব্রিটিশ কাউন্সিলের অধিকর্তা (পূর্ব এবং উত্তর-পূর্ব ভারত) দেবাজন চক্রবর্তী, ব্রিটিশ কাউন্সিল (ভারত)-এর লার্নিং অ্যান্ড সার্ভিসের অধিকর্তা ড. অ্যান্থোনিয়াস রঘুবংশী, ব্রিটেনের শেফিল্ড হালেম বিশ্ববিদ্যালয়ের ড. ডেভিড গ্রাহাম, লা মার্টিনিয়ার ফর গার্লসের অধ্যক্ষা রূপকথা সরকার, শিক্ষায়তন ফাউন্ডেশনের মহাসচিব এবং সিইও ব্রততী ভট্টাচার্য, সি বি ক্লাসেস-এর কর্ণধার চন্দ্রজিৎ ব্যানার্জি, ইনটুয়েইরি গ্লোবালের অরুণ্য কালিয়া প্রমুখ।

অনুষ্ঠানটির সঞ্চালনার দায়িত্বে ছিলেন অলক্যাপস্ কমিউনিকেশনের প্রতিষ্ঠাতা ও ডিরেক্টর সুমিত দাশগুপ্ত।